

১২টি ক্যাডেট কলেজ থেকে ৬১৫ জন পরীক্ষা দিয়ে জিপিএ-৫ পেয়েছে ৬১২ জন

যুগান্তর রিপোর্ট

এ বছর ১২টি ক্যাডেট কলেজ থেকে ৬১৫ জন শিক্ষার্থী পরীক্ষা দিয়ে সবাই কৃৎকার্য হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ৬১২ জন।

কৌজনারহাট ক্যাডেট কলেজ থেকে এবার ৪৫ জন পরীক্ষা নিয়ে ৪৩ জন জিপিএ-৫ পেয়েছে। বাকিরা পেয়েছে জিপিএ-৪। বোর্ডে এ কলেজটির অবস্থান প্রথম।

খিনাইদহ ক্যাডেট কলেজ থেকে ৫৩ জন শিক্ষার্থী অংশ নিয়ে ৫২ জন জিপিএ-৫ পেয়েছে। তাদের অবস্থানও বোর্ডে প্রথম।

নির্জাপুর ক্যাডেট কলেজ থেকে এবার ৫২ জন পরীক্ষা দিয়ে সবাই জিপিএ-৫ পেয়েছে। বোর্ডে নির্জাপুরের অবস্থান ষষ্ঠ।

রাঙ্গামাঠী ক্যাডেট কলেজ থেকে ৫১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে সবাই জিপিএ-৫ পেয়েছে। বোর্ডে রাঙ্গামাঠী ক্যাডেট কলেজ তৃতীয় স্থান অধিকার করেছে।

সিলেট ক্যাডেট কলেজ থেকে ৫২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে সবাই জিপিএ-৫ পেয়েছে। বোর্ডে তাদের অবস্থান প্রথম।

রংপুর ক্যাডেট কলেজ থেকে ৫৬ জন পরীক্ষা নিয়ে, ৫৬ জন জিপিএ-৫ পেয়েছে। বোর্ডে তাদের অবস্থান দ্বিতীয়।

বরিশাল ক্যাডেট কলেজ থেকে ৪৯ জন শিক্ষার্থী পরীক্ষা দিয়ে সবাই জিপিএ-৫ পেয়েছে। বোর্ডে অবস্থান প্রথম।

গাবনা ক্যাডেট কলেজ থেকে ৫৬ জন পরীক্ষা নিয়ে সবাই জিপিএ-৫ পেয়েছে। বোর্ডে তাদের অবস্থান দ্বিতীয়।

নয়নসিংহ গার্লস ক্যাডেট কলেজ থেকে এবার পরীক্ষা দিয়েছে ৪৫ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ৪৫ জন। বোর্ডে তাদের অবস্থান নবম।

কুনিয়া ক্যাডেট কলেজ থেকে পরীক্ষা দিয়েছে ৫৩ জন। জিপিএ-৫ পেয়েছে ৫৩ জন। বোর্ডে তাদের অবস্থান তৃতীয়।

ফেনী গার্লস কলেজ থেকে পরীক্ষা দিয়েছে ৫২ জন। সবাই জিপিএ-৫ পেয়েছে। বোর্ডে তাদের অবস্থান দ্বিতীয়।

জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ থেকে পরীক্ষা দিয়েছে ৫১ জন। জিপিএ-৫ পেয়েছে ৫১ জন। বোর্ডে তাদের অবস্থান তৃতীয়।